

া রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - বিষয় সংশ্লিষ্ট যিকর ও দু'আ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

প্রশংসিতের দু'আ

যিকর নং ১৮৬ : প্রশংসিতের দু'আ

সাহাবী-তাবেয়ীগণের রীতি ছিল, কেউ তাঁদেরকে পরহেযগার বা ধার্মিক বললে বা প্রশংসা করলে তাঁরা কষ্ট পেতেন। কেউ তাঁদের ভালো বললে তারা বলতেনঃ

اللهم لا تؤاخذني بما يقولون و اغفر لي ما لا يعملون و اجعلني خيرا مما يظنون

অর্থঃ হে আল্লাহ, এরা যা বলছে এজন্য আমাকে দায়ী করবেন না, আর তারা যা জানে না, আমার সে সব পাপ আপনি ক্ষমা করে দিন এবং তারা যেরূপ ধারণা করছে আমাকে তার চেয়েও উত্তম বানিয়ে দিন।[1]

ফুটনোট

[1] বুখারী, আল-আদাবুল মুফরাদ ১/২৬৭, বাইহাকী, ভ'আবুল ঈমান ৪/২২৭, ২২৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8853

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন